

ডুয়াস সীমাট্টে

অরণ্যের আছে ছবি
 দেখে যাহা লেখে কবি
 সবুজে সবুজ দিশাহারা
 বহিরঙ্গে উড়ে ছাই
 উড়াইয়া দেখো তাই
 অন্তরে পড়ে আছে যারা---

কাহাকে শোনাবে গান?
 বুলেটে রঙিন প্রাণ
 হাদি জোড়া বসন্তের শব
 মিডিয়া তরঙ্গ ধূপ
 ধাঁধা লাগে এতো রূপ
 রেশরম কেন কলরব ?

তোমাকে বধিবে যারা
 সীমাট্টে বাড়ে তারা
 ফেরেস্তা বাঁচালে বাঁচে জান
 তুমি তার ওষ্ঠতলে
 ছলে বলে কৌশলে
 কেন চাও রাহের জবান ?
 জলেতে কুঞ্জির খায়
 ডাঙ্গাতলে বাঘ রায়
 বেওকুফ তুমি কোন দল ?
 যাহাদের রঙ আছে
 বাঁচে বাঁচে তারা বাঁচে
 বাকি যারা কপাল সম্বল।

সেবক্তীঘোষ

